



## জনসংযোগ কার্যালয়

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: [www.juniv.edu](http://www.juniv.edu)



## প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

**বিভিন্ন কর্মসূচির মধ্যদিয়ে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ পালন ॥  
মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক দেশব্যাপী শপথ বাক্য পাঠে জাবিংর অংশগ্রহণ**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৬ ডিসেম্বর ২০২১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক দেশব্যাপী শপথ বাক্য পাঠে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করেছে। আজ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বেলা সাড়ে চারটায় উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামের নেতৃত্বে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ জাতীয় পতাকা হাতে সমবেত হয়ে শপথ বাক্য পাঠে অংশগ্রহণ করেন।

এছাড়াও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আজ বিভিন্ন কর্মসূচির মধ্যদিয়ে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ পালিত হয়েছে। সকাল সাড়ে সাতটায় উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামের পক্ষ থেকে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. নূরুল আলম, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো. মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদ আখতার, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজ জাতীয় সৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এসময় বিভিন্ন অনুষদের ডিন, হল প্রাধ্যক্ষ, ছাত্র-শিক্ষক, অফিসার ও কর্মচারীগণ তাঁদের সঙ্গে ছিলেন। উপাচার্যের শ্রদ্ধাঞ্জলি নিবেদনের পর হল প্রভোস্ট, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, ছাত্রলীগ, অফিসার সমিতি, কর্মচারী সমিতি, কর্মচারী ইউনিয়ন এবং অন্যান্য সংগঠনের পক্ষ থেকে সৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করা হয়।

এর আগে সুর্যোদয়ের সময় উপ-উপাচার্য (শিক্ষা) এবং উপ-উপাচার্য (প্রশাসন) প্রশাসনিক ভবনে যথাক্রমে জাতীয় পতাকা এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন।

বিজয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় গ্রাহাগারে মুক্তিযুদ্ধ ভিত্তিক গ্রন্থ, জার্নাল, পোস্টার ও আলোকচিত্র প্রদর্শন করা হয়। এদিন শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্রের উদ্যোগে বেলা সোয়া এগারোটায় মহৱা তলায় বিজয়ের গান এবং ছাত্র-শিক্ষক কেন্দ্রের উদ্যোগে সন্ধ্যা ছয়টায় বিশ্ববিদ্যালয়ের সেলিম আল-দীন মুক্তমন্দিরে এক সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

দিবসটি উপলক্ষে প্রশাসনিক ভবনসমূহ, শহীদ মিনার, কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া, উপাচার্য ভবনের বাহিরের অংশ, মীর মশাররফ হোসেন হল গেট হতে বিশ্বাইল গেট পর্যন্ত সীমানা প্রাচীরের উপরের অংশ, শহীদ মিনার হতে প্রধান গেট পর্যন্ত রাস্তা, জয়বাংলা গেট হতে চৌরাস্তা, জয়বাংলা গেট হতে বিশ্ববিদ্যালয় ক্লাব ও গেটসমূহে আলোকসজ্জা করা হয়।

**স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ চ্যাপেলের কাপ ফুটবল এবং উপাচার্য কাপ হ্যান্ডবল প্রতিযোগিতা  
উদ্বোধন ॥ সুফিয়া কামাল হল এবং মওলানা ভাসানী হল জয়ী**

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ চ্যাপেলের কাপ ফুটবল এবং উপাচার্য কাপ হ্যান্ডবল প্রতিযোগিতা শুরু হয়েছে। সকাল সাড়ে নয়টায় অনলাইনে যুক্ত হয়ে প্রধান অতিথি হিসেবে এ প্রতিযোগিতা উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম। হ্যান্ডবল প্রতিযোগিতার উদ্বোধনী খেলায় অংশগ্রহণকারী সুফিয়া কামাল হল ২-১ গোলে জাহানারা ইমাম হলকে এবং ফুটবল প্রতিযোগিতায় মওলানা ভাসানী হল ৫-৪ গোলে আল বেরুনী হলকে পরাজিত করে।

*১০১২১২*

মোহাম্মদ মহিউদ্দিন, পিইচি.ডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)